

## 🗏 আল-আদিয়াত | Al-Adiyat | ٱلْعَادِيَات

আয়াতঃ ১০০ : ২

আরবি মূল আয়াত:



## 🗚 অনুবাদসমূহ:

অতঃপর যারা ক্ষুরাঘাতে অগ্নি-ক্ষূলিঙ্গ ছড়ায়, — আল-বায়ান অতঃপর (নিজের ক্ষুরের) ঘর্ষণে আগুন ছুটায়, — তাইসিরুল যারা ক্ষুরাঘাতে অগ্নি ক্ষুলিংগ বিচ্ছুরিত করে। — মুজিবুর রহমান

And the producers of sparks [when] striking — Sahih International

- ২. অতঃপর যারা ক্ষুরের আঘাতে অগ্নি-ক্ষুলিঙ্গ বিচ্ছুরিত করে(১),
  - (১) يراء শব্দটি إيراء উদ্ভূত। অর্থ অগ্নি নির্গত করা। যেমন চকমকি পাথর ঘষে ঘষে অথবা দিয়াশলাই ঘষা দিয়ে অগ্নি নির্গত করা হয়। قدح এএর অর্থ আঘাত করা, ঘর্ষন করা; যার কারণে আগুন তৈরী হয়। লৌহনাল পরিহিত অবস্থায় ঘোড়া যখন প্রস্তরময় মাটিতে ক্ষুরাঘাত করে দৌড় দেয় তখন অগ্নিক্ষুলিঙ্গ নির্গত হয়। [ফাতহুল কাদীর]

তাফসীরে জাকারিয়া

## ২। অতঃপর ক্ষুরাঘাতে অগ্নিস্ফুলিঙ্গ বিচ্ছুরিতকারী (অশ্বরাজির শপথ)। [1]

[1] يَرَاء শব্দটি উৎপত্তি إِيرَاء থেকে; এর অর্থ হল অগ্নি প্রজ্বলনকারী । قَدَح بالزِنَاد শব্দের অর্থ হল, চলাকালে হাঁটু অথবা গোড়ালির সংঘর্ষ হওয়া অথবা ক্ষুর দ্বারা আঘাত করা। এ থেকেই قَدح بالزِنَاد বলা হয়; অর্থাৎ, চকমিকি ঘষে আগুন বের করা। অর্থ দাঁড়াল, সেই ঘোড়াসমূহের কসম! যার ক্ষুরের ঘর্ষণে পাথর থেকে অগ্নিক্ষুলিঙ্গ বের হয়; যেমন চকমিকি পাথর ঘষলে বের হয়।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/guran/link/?id=6148

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন